বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

৮/সি, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।

www.bteb.gov.bd

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০২.২২.৬৬ তারিখ: ১৬ ফেব্রুয়ারি, ২০২২ খ্রি.

ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে ইমার্জিং টেকনোলজি হতে উত্তীর্ণ শিক্ষার্থীদের মূল টেকনোলজির সমতুল্যতা সনদ প্রাপ্তির জন্য Allied Group এর মেক-আপ কোর্স পরীক্ষার বিজ্ঞপ্তি

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং: ৫৭.০০.০০০০.০৫৩.৯৯.০০৫.২১-১৬৯, তারিখ: ১৩ জুন, ২০২১ খ্রি. অনুযায়ী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের শিক্ষার্থীদের মূল টেকনোলজির আওতায় পুনঃবিন্যাসকৃত ইমার্জিং টেকনোলজির পঠিত বিষয়সমূহের বিষয়ভিত্তিক ন্যূনতম ৬৫% মিল বা সমতা থাকলে মূল টেকনোলজির সমতুল্যতা সনদ প্রাপ্ত হবে এবং মিল না থাকলে বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড কর্তৃক মেক-আপ কোর্স সম্পন্ন করতে হবে। এ সংক্রান্ত বিষয়ে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের স্মারক নং: ৫৭.১৭.০০০০.২০১.০৫.২১.০০৪, তারিখ: ১৫ ডিসেম্বর, ২০২১ খ্রি. তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তির আলোকে ২৭ ডিসেম্বর, ২০২১ খ্রি. হতে ০৩ জানুয়ারি, ২০২২ খ্রি. তারিখ পর্যন্ত বোর্ড নির্ধারিত ১০টি পলিটেকনিক ইনস্টিটিউটের অধীনে মেক-আপ কোর্স এর নিবন্ধন সম্পন্ন হয়েছে। এই কোর্সের পরীক্ষার ফরমফিলাপ, কেন্দ্র তালিকা, পরীক্ষার সময়সূচী, ফলাফল প্রকাশ ইত্যাদি সংক্রান্ত কার্যক্রম নিম্নের নির্দেশনা মোতাবেক গ্রহণ করা হবে।

০১. পরীক্ষার ফরমফিলাপের সময়সূচী:

ক্রম	কার্যক্রম	সময়সীমা
১.১	Online-এ ফরম ফিলাপ এর ডাটা এন্ট্রি করার তারিখ	১৮-০২-২০২২ হতে ২৪-০২-২০২২
১.২	বিলম্ব ফি ব্যতীত শিক্ষা প্রতিষ্ঠানে ফরম ফিলাপের ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ	২৩-০২-২০২২
১.৩	৩০০/- টাকা বিলম্ব ফি সহ (প্রতি পরীক্ষার্থী) ফরম ফিলাপ করার সময়সীমা ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ	২৪-০২-২০২২
১.৪	প্রবেশপত্র ও পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র বোর্ডে জমা প্রদানের তারিখ	০৮-০৩-২০২২ হতে ১৫-০৩-২০২২ (ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং মূল পর্বের পরীক্ষার বিজ্ঞপ্তিতে উল্লিখিত বিভাগ ভিত্তিক জমাদানের তারিখ অনুসরণপূর্বক নির্দিষ্ট দিনে বোর্ডে এসে জমা প্রদান ও প্রবেশপত্র সংগ্রহ করতে হবে)
১.৫	প্রবেশপত্র সংশোধনের আবেদন সংশ্লিষ্ট শাখায় জমা/গ্রহণ	
১.৬	সংশোধিত প্রবেশপত্র গ্রহণের তারিখ	০৯-০৩-২০২২ হতে ১৬-০৩-২০২২

উল্লেখ্য, শুধুমাত্র ০৩ জানুয়ারি, ২০২২ খ্রি. তারিখের মধ্যে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীরাই এই কোর্সের ফরমফিলাপের যোগ্য বলে বিবেচিত হবে। প্রতিষ্ঠানসমূহ ফরমফিলাপকৃত এ সকল শিক্ষার্থীর অনলাইন প্রিন্ট আউট হার্ডকপি ও ফি জমা দেয়ার ডিডি উক্ত সময়সূচী অনুসারে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক স্বাক্ষরিত আলাদা ফরওয়ার্ডিং এ বোর্ডে জমা প্রদান করবে।

০২. পরীক্ষার সময়সূচী:

আগামী ২০ মার্চ, ২০২২ খ্রি. তারিখ হতে অনুষ্ঠিতব্য ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম পর্বের পর্ব সমাপনী পরীক্ষা-২০২১ এর সময়সূচী BTEB এর ওয়েবসাইটে প্রকাশ করা হবে। এই সময়সূচী অনুসারে Allied Group এর মেক-আপ কোর্সের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

০৩. পরীক্ষার ফি:

১.	পরীক্ষার ফি (বোর্ড পাবে)	৪০০.০০
২.	কেন্দ্র ফি (কেন্দ্র পাবে)	৪৫০.০০
৩.	ব্যবহারিক পরীক্ষার ফি (কেন্দ্র পাবে)	ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ২৫.০০
৪.	নম্বরপত্র ফি (বোর্ড পাবে)	৭৫.০০
৫.	সনদপত্র ফি (বোর্ড পাবে)	১০০.০০
৬.	প্রশ্নপত্র ব্যবস্থাপনা (বোর্ড পাবে)	২০.০০

০৪. কেন্দ্র তালিকা:

Allied Group মেক-আপ কোর্সের পরীক্ষা নিম্নের ১০ টি কেন্দ্রে ঘোষিত সময়সূচী মোতাবেক অনুষ্ঠিত হবে। প্রত্যেক শিক্ষার্থীকে স্ব-স্ব নিবন্ধিত কেন্দ্রেই পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। কেন্দ্র পরিবর্তন করে কোনও অবস্থাতেই পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না।

ক্রম	কেন্দ্রের নাম
০১.	ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট, ঢাকা।
০২.	ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট, ঢাকা।
০৩.	চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট, চট্টগ্রাম।
০৪.	ময়মনসিংহ পলিটেকনিক ইনস্টিটিউট, ময়মনসিংহ।
০৫.	খুলনা পলিটেকনিক ইনস্টিটিউট, খুলনা।
০৬.	বরিশাল পলিটেকনিক ইনস্টিটিউট, বরিশাল।
০৭.	সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট, সিলেট।
০৮.	রাজশাহী পলিটেকনিক ইনস্টিটিউট, রাজশাহী।
০৯.	বগুড়া পলিটেকনিক ইনস্টিটিউট, বগুড়া।
১০.	রংপুর পলিটেকনিক ইনস্টিটিউট, রংপুর।

০৫. ফলাফল প্রকাশ:

ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম পর্বের পর্ব সমাপনী পরীক্ষা-২০২১ এর চূড়ান্ত ফলাফলের সাথে এই পরীক্ষার ফলাফল প্রকাশ করা হবে।

০৬. নম্বরপত্র ও সমতুল্যতা সনদ প্রদান:

Allied Group মেক-আপ কোর্সের পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীরা বিষয়ভিত্তিক লেটারগ্রেড ও জিপি উল্লেখিত নম্বরপত্র প্রাপ্ত হবে এবং উত্তীর্ণ পরীক্ষার্থীরা মূল টেকনোলজির সমতুল্যতা সনদ প্রাপ্ত হবে। তবে নম্বরপত্রে কোনও জিপিএ/সিজিপিএ উল্লেখ থাকবে না।

১৬-০২-২০২২
(প্রকৌঃ মোঃ আবদুর রহমান)
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোন: ০২-৫৫০০৬৫২৫

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০২.২২.৬৬ (১৪) তারিখ: ১৬ ফেব্রুয়ারি, ২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।
৩. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. জেলা প্রশাসক, সংশ্লিষ্ট সকল জেলা।
৫. অধ্যক্ষ/কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংশ্লিষ্ট সকল কেন্দ্র।
৬. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক - গোপনীয়/সনদ/বিএম/ভোকঃ/শর্টকোর্স, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. উপ-সচিব (রেজিঃ)/উপ-সচিব (প্রশাসন)/উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. সিস্টেম এনালিষ্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (নোটিশটি Website -এ প্রকাশ করাসহ উল্লেখিত তারিখসমূহে Online কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।
৯. কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক- বিতরণ/ডিপ্লোমা/কৃষি/টেক্সটাইল, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. ইনফরমেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪. নথি।

১৬-০২-২০২২
(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)
ফোন: ০২-৫৫০০৬৫৩১